বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল,ঢাকা-১০০০
বাংলাদেশ।

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার নং-০৩

তারিখঃ ০৫ ফেব্রুয়ারি ২০২৬ / ২২ মাঘ ১৪৩২

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক এবং ফাইন্যান্স কোম্পানি

প্রিয় মহোদয়,

**"Financial Sector Fund for the Development of Micro, Small and Medium Enterprises (FSFDMSME)" তহবিল গঠন প্রসঙ্গে।**

টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি, শিল্পায়ন এবং কর্মসংস্থান সৃষ্টি ত্বরান্বিতকরণে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (MSME) খাতের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে সুদের হার, জামানতের সীমাবদ্ধতা, অর্থায়নের অপ্রতুলতার কারণে MSME উদ্যোক্তাদের কাঙ্ক্ষিত বিনিয়োগ সম্প্রসারণ ব্যাহত হচ্ছে। এ প্রেক্ষাপটে, MSME খাতে সহজশর্তে অর্থায়ন নিশ্চিতকরণ, উৎপাদনশীল বিনিয়োগ বৃদ্ধি এবং টেকসই উন্নয়ন সহায়তার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব অর্থায়নে "Financial Sector Fund for the Development of Micro, Small and Medium Enterprises (FSFDMSME)" নামে ১,৫০০ (এক হাজার পাঁচশত) কোটি টাকার একটি আবর্তনশীল পুনঃ অর্থায়ন তহবিল গঠন করা হলো।

ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিকে আলোচ্য তহবিল হতে পুনঃ অর্থায়ন সুবিধা প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত নীতিমালা অনুসরণ করা হবে:

১. যোগ্য প্রতিষ্ঠান নির্বাচন :

বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ: ১৭ মার্চ ২০২৫ অনুযায়ী যোগ্য মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের জন্য এ তহবিল হতে পুনঃ অর্থায়ন সুবিধা প্রদান করা হবে। বাংলাদেশ ব্যাংকের সাথে অংশগ্রহণমূলক চুক্তি স্বাক্ষরকারী ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি-কে এ তহবিল হতে পুনঃ অর্থায়ন সুবিধা গ্রহণের ক্ষেত্রে মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠান নির্বাচনের জন্য নিম্নোক্ত বিষয়সমূহ পরিপালন করতে হবে:

১.১ অর্থনৈতিকভাবে টেকসই এবং আর্থিকভাবে উপযুক্ত (Viable) মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের (সংযোজনী-ক ব্যতীত) ব্যবসা সম্প্রসারণ ও আধুনিকীকরণের (সংযোজনী-খ ব্যতীত) জন্য ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক গ্রাহকের অনুকূলে প্রদত্ত ঋণের ক্ষেত্রে পুনঃ অর্থায়ন সুবিধা বিবেচনা যোগ্য হবে;

১.২ এ তহবিল হতে পুনঃ অর্থায়নের লক্ষ্যে উদ্যোক্তাকে মোট প্রকল্প ব্যয়ের সর্বনিম্ন ১০% নিজস্ব উৎস হতে অর্থায়ন করতে হবে। ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি মোট প্রকল্প ব্যয়ের সর্বোচ্চ ৯০% ঋণ সরবরাহ করতে পারবে;

১.৩ উদ্যোগের অনুকূলে প্রদত্ত ঋণের ক্ষেত্রে মাইক্রো উদ্যোগের জন্য সর্বোচ্চ ১.০০ কোটি টাকা এবং ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের জন্য সর্বোচ্চ ৫.০০ কোটি টাকা এ তহবিল হতে পুনঃ অর্থায়ন করা হবে;

১.৪ উদ্যোগের অনুকূলে প্রদত্ত চলতি মূলধন ঋণ (সর্বোচ্চ ১ বছর মেয়াদে) এবং মেয়াদি ঋণ (১ বছরের অধিক হতে সর্বোচ্চ ৭ বছর মেয়াদে) এ তহবিল হতে পুনঃ অর্থায়নের জন্য বিবেচনা যোগ্য হবে;

১.৫ ঋণ গ্রহণকারী প্রতিষ্ঠানের প্রশাসনিক, আর্থিক এবং ব্যবসায়িক তথ্য ও উপাত্ত সংরক্ষণের বিষয়টি ঋণ প্রদানের পূর্বে ঋণ প্রদানকারী ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি কর্তৃক নিশ্চিত করতে হবে।

২. যোগ্য ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি নির্বাচন :

"Financial Sector Fund for the Development of Micro, Small and Medium Enterprises (FSFDMSME)" তহবিল থেকে পুনঃ অর্থায়ন সুবিধা প্রাপ্তির লক্ষ্যে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ: ১৭ মার্চ ২০২৫ এর নির্দেশনা অনুযায়ী Participatory Financial Institution (PFI) হিসেবে এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের সাথে চুক্তিবদ্ধ হতে হবে।

৩. তহবিল ব্যবস্থাপনা পদ্ধতি :

৩.১ এ তহবিলের আওতায় প্রচলিত ব্যাংকিং ব্যবস্থায় গ্রাহক পর্যায়ে সুদ সর্বোচ্চ ৭% হবে এবং শরীয়াহ্ ভিত্তিক অর্থায়নের ক্ষেত্রে গ্রাহক পর্যায়ে মুনাফার হার শরীয়াহ্ অনুমোদিত বিনিয়োগ নীতিমালার আলোকে নির্ধারণ করতে হবে, তবে তা ৭% এর অধিক হবে না। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে প্রদত্ত পুনঃ অর্থায়নের উপর আরোপিত সুদ/মুনাফা হবে ২%;

৩.২ MSME খাতে সুদ/মুনাফার হার সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের অন্যান্য নীতিমালা এ তহবিলের জন্য প্রযোজ্য হবে;

৩.৩ পুনঃ অর্থায়নকৃত অর্থ আদায়ের লক্ষ্যে এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ: ১৭ মার্চ ২০২৫ এর নির্দেশনা অনুসরণ করা হবে;

৩.৪ পরিশোধ সূচি অনুযায়ী নির্ধারিত তারিখে সুদ/মুনাফাসহ পুনঃ অর্থায়নকৃত অর্থের পরিশোধযোগ্য কিস্তি বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট PFI এর চলতি হিসাব বিকলনের মাধ্যমে আদায় করা হবে। এক্ষেত্রে, গ্রাহক পর্যায়ে ঋণের অর্থ আদায়ের সাথে এ তহবিল হতে গৃহীত পুনঃ অর্থায়নের দায় পরিশোধের বিষয়টি সম্পর্কিত নয়;

৩.৫ পুনঃ অর্থায়নকৃত ঋণের সদ্ব্যবহার নিশ্চিতের নিমিত্ত এ বিভাগ হতে প্রয়োজনীয়তার নিরিখে দৈবচয়ন ভিত্তিতে নির্বাচিত আবেদনসমূহ মঞ্জুরের পূর্বে বা পরে এতদ্সংক্রান্ত দলিলাদি তলবসহ সংশ্লিষ্ট প্রকল্প এবং ব্যাংক/ফাইন্যান্স কোম্পানির অফিসসমূহ সরেজমিনে পরিদর্শন করা হবে;

৩.৬ বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরেজমিন পরিদর্শনে পুনঃ অর্থায়নকৃত ঋণ অর্থের সদ্ব্যবহার হয়নি মর্মে উদ্‌ঘাটিত/পরিলক্ষিত হলে পুনঃ অর্থায়নকৃত অর্থ দন্ডসুদসহ (বাংলাদেশ ব্যাংক কর্তৃক আরোপিত সুদ/মুনাফার হার+২%) এককালীন PFI এর নিকট হতে আদায় করা হবে;

৩.৭ পুনঃ অর্থায়ন প্রাপ্তির জন্য এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ: ১৭ মার্চ ২০২৫ এর ১৪.৪.৪ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে অন-লাইনে (eRefinance System) আবেদন করতে হবে এবং প্রয়োজনীয় তথ্য/দলিলাদিসহ PFI সমূহ কর্তৃক পরিচালক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, বাংলাদেশ ব্যাংক বরাবর আবেদন দাখিল করতে হবে;

৩.৮ পুনঃ অর্থায়ন সুবিধাপ্রাপ্ত কোনো গ্রাহক কর্তৃক অগ্রিম ঋণ সমন্বয় করা হলে সংশ্লিষ্ট অংশগ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক ০১(এক) মাসের মধ্যে তা এসএমইএসপিডি বিভাগকে অবহিত করে পুনঃ অর্থায়ন বাবদ গৃহীত অর্থ সমন্বয়ের জন্য অনুরোধ করতে হবে;

৪. <u>অন্যান্য নির্দেশনা</u> :

৪.১ এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ: ১৭ মার্চ ২০২৫ এর ১৪.৪.১০ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট হতে প্রেরিত নির্ধারিত ছকে অংশগ্রহণকারী ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে ষান্মাসিক ভিত্তিতে (জুন ও ডিসেম্বর) এ বিভাগ সংশ্লিষ্ট তহবিলসমূহে স্থিতি নিশ্চিতকরণ সনদ (Balance Confirmation Certificate) দাখিল করতে হবে;

৪.২ এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ: ১৭ মার্চ ২০২৫ এর ১৩ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ ব্যাংকে তথ্য ও উপাত্ত দাখিল করতে হবে।

৫. ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত অন্যান্য সকল প্রযোজ্য নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।

৬. ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(নওশাদ মোস্তাফা)
পরিচালক (এসএমইএসপিডি)
ফোন: ৯৫৩০৫০২
nawshad.mustafa@bb.org.bd

# সংযোজনী-ক

অর্থায়নের জন্য অযোগ্য (Non-eligible) খাতসমূহ:

(১) ফসল ও মৎস্য উৎপাদন সংক্রান্ত কার্যক্রম;

(২) রিয়েল এস্টেট উন্নয়ন ও সংশ্লিষ্ট কার্যক্রম;

(৩) আর্থিক সেবা ও বীমা সংক্রান্ত কার্যক্রম;

(৪) মূল্যবান ধাতু (Precious Metal) ক্রয়-বিক্রয় ও ব্যবসা;

(৫) বার, পাব ও অনুরূপ প্রতিষ্ঠান পরিচালনা;

(৬) আমোদ-প্রমোদ ও বিনোদনমূলক কার্যক্রম (অ্যামিউজমেন্ট পার্ক, পর্যটন, চলচ্চিত্র নির্মাণ এবং টেলিভিশন সম্প্রচার কার্যক্রম ব্যতীত);

(৭) অস্ত্র, গোলাবারুদ ও সামরিক সরঞ্জাম উৎপাদন, সংরক্ষণ বা ব্যবসা; এবং

(৮) সামাজিক শৃঙ্খলা, নৈতিকতা ও স্থিতিশীলতার পরিপন্থী বা ক্ষতিকর যেকোনো কার্যক্রম।

<u>সংযোজনী-খ</u>

অর্থায়নের জন্য অযোগ্য ঋণের উদ্দেশ্যসমূহঃ

১. ভূমি ক্রয় অথবা ভূমি ব্যবহারের অধিকার অর্জন;

২. কর, শুল্ক বা আমদানি শুল্ক পরিশোধ;

৩. ট্রেড ফাইন্যান্স সংক্রান্ত কার্যক্রম;

৪. ভোক্তা ঋণ বা ব্যক্তিগত ঋণ;

৫. পেট্রোকেমিকেল ও পেট্রোকেমিকেলজাত পণ্য উৎপাদন, বিতরণ ও বিপণন;

৬. পরিবেশের জন্য ক্ষতিকর অথবা প্রযোজ্য পরিবেশগত মানদণ্ডের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ প্রকল্প বা কার্যক্রম;

৭. নেশা জাতীয় পানীয় উৎপাদন অথবা ক্রয়-বিক্রয়; এবং

৮. তামাকজাত দ্রব্য উৎপাদন অথবা ক্রয়-বিক্রয়।